

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৪.২৫.২৪৫.২৩. ২০৪৮

তারিখ : ১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

### প্রেস রিলিজ

“শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম” প্রকল্পের আওতায় Orientation Workshop for Chief Editors/Journalists/Media Professionals on HPV Vaccine Awareness Building শীর্ষক কর্মশালা আজ ১১ সেপ্টেম্বর ২০২৩ সকাল ১০:০০ টায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব মো. ফারুক আহমেদ ও বিশেষ অতিথি ডা. মো. নিজাম উদ্দিন, লাইন ডিরেক্টর, এম এন সি এইচ, স্বাস্থ্য অধিদপ্তর ও সম্মানিত অতিথি মিজ ব্রিজিট জব জনসন, চীফ এসবিসি সেকশন, ইউনিসেফ, বাংলাদেশ উপস্থিত ছিলেন। কর্মশালায় সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক নুরুন নাহার হেনা (অতিরিক্ত সচিব)।

প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, বাংলাদেশের নারীরা যে সকল ক্যাম্পারে আক্রান্ত হয়ে থাকেন তার মধ্যে জরায়ুমুখ ক্যাম্পার হচ্ছে দ্বিতীয় সর্বোচ্চ। এই ক্যাম্পারে আক্রান্ত হয়ে অনেকেই মৃত্যুবরণ করেন। বাংলাদেশ সরকার তার ইপিআই কর্মসূচিতে জরায়ুমুখ ক্যাম্পার প্রতিরোধে এইচপিভি টিকা সংযোজন করতে যাচ্ছে, এটি একটি মহতী উদ্যোগ যা নিঃসন্দেহে আমাদের মেয়েদের ও আগামীদিনের মেয়েদের জীবন রক্ষা করবে।

সরকারের পরিকল্পনা অনুযায়ী ১০-১৪ বছর বয়সের কিশোরী মেয়েদের এই টিকা দেওয়া হবে এক ডোজ। ৫ম থেকে ৯ম শ্রেণির ছাত্রীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে এবং শিক্ষার বাহিরে থাকা ১০-১৪ বছর বয়সী মেয়েরা টিকাদান কেন্দ্রের মাধ্যমে এই টিকা পাবে।

দেশব্যাপী এই টিকাদান ক্যাম্পেইন সফল করতে সংশ্লিষ্ট সকল বিভাগ ও অংশীজনদের একত্রে কাজ করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তর এ ব্যাপারে জনসচেতনতা তৈরীতে সহায়তা করবে। এই এইচপিভি টিকাদান ক্যাম্পেইন এ GAVI, WHO ও UNICEF সহ অন্যান্য সংস্থা সহযোগিতা করছে।

বিশেষ অতিথি ডা. মো. নিজাম উদ্দিন বলেন, দেশে ১ লক্ষ নারীর মধ্যে ১১ জন জরায়ু মুখ ক্যাম্পারে আক্রান্ত হয়। সম্মানিত অতিথি ব্রিজিট জব জনসন বলেন, বাংলাদেশের জন্যে এটি একটি ভালো দিক, যে এ দেশে এর প্রতিবেশক টিকাদান কর্মসূচি শুরু হতে যাচ্ছে। তিনি আরো বলেন, বাংলাদেশ ইতোমধ্যে ইপিআই ও কোভিড ভ্যাক্সিন টিকাদান কর্মসূচি খুবই সন্তোষজনকভাবে সম্পন্ন করেছে। আমি আশা করি এইচপিভি টিকাদান কর্মসূচিও একইভাবে সফল হবে।

সভাপতি মহোদয় তাঁর বক্তব্যের শুরুতে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন একটি দেশের সবচেয়ে শক্তিশালী জনগোষ্ঠী হল কিশোর কিশোরী। আমরা যদি এই কিশোর-কিশোরীকে সুস্বাস্থ্যের অধিকার ও সামাজিক নিরাপত্তা না দিতে পারি তাহলে আগামী দিনের যে ভবিষ্যতের কান্ডারী সেটা আমরা গড়ে তুলতে পারবো না। তিনি আরো বলেন উপকূলীয় ও লবণাক্ত অঞ্চলের নারীরা জরায়ু ক্যাম্পারে আক্রান্ত হচ্ছেন বেশি। তিনি তাঁর বাস্তব অভিজ্ঞতায় সাতক্ষীরা অঞ্চলের করুণ পরিস্থিতির কথা তুলে ধরেন এবং বলেন পানি লবণাক্ত হওয়ার কারণে নারীরা পিরিয়ড বন্ধ রাখার জন্য ট্যাবলেট গ্রহণ করে থাকেন। এসব এলাকার নারীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে, এ ক্ষেত্রে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

অনুষ্ঠানটির সঞ্চালনা করেন পরিচালক জনাব মো. নজরুল ইসলাম। অন্যায়ের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক ফায়জুল হক, পরিচালক এ. কে. এম আজিজুল হক, পরিচালক মো. মারুফ নাওয়াজ, কর্মশালা পরিচালক আবুজার গাফফারী, এবং কর্মশালা সমন্বয়ক নাফিস আহমেদ। পত্রিকার সম্পাদকগণ/ জ্যেষ্ঠ প্রতিনিধিগণ ও টেলিভিশন চ্যানেলের বার্তা বিভাগের প্রধানগণ/জ্যেষ্ঠ প্রতিনিধিসহ মোট ৪০ জন কর্মশালায় অংশগ্রহণ করেন।



আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

#### বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিওসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।